ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
*****

স- ১৮৮৭
বিলোনীয়া, ২৩ জুলাই, ২০২৫

**ভারত চন্দ্রনগর ব্লকে বিভিন্ন উন্নয়নমূলক কাজ**

পঞ্চাদশ অর্থকমিশনের আনটাইড ফান্ডের অর্থে ভারতচন্দ্র নগর ব্লক এলাকায় গত অর্থবছরে বিভিন্ন পরিকাঠামো উন্নয়নের কাজ করা হয়েছে। ঈষাণচন্দ্রনগর পঞ্চায়েতের উপস্বাস্থ্যকেন্দ্রের পাশে একটি যাত্রী শেড তৈরী করা হয়েছে। ব্যয় হয়েছে ১ লক্ষ ৮৪ হাজার ৩৮ টাকা। নেতাজী সুভাষ চন্দ্রনগর পঞ্চায়েতে উত্তর ভারতচন্দ্রনগর রাস্তা থেকে ভবতারিনী কালি মন্দির পর্যন্ত রাস্তার পাশে গার্ড ওয়ালসহ পাকা ড্রেন তৈরী করা হয়েছে। ব্যয় হয়েছে ৭ লক্ষ ৯৯ হাজার ৮৬৪ টাকা। ব্লক হেড কোয়ার্টারে মুক্ত মঞ্চ তৈরীর কাজ চলছে। ব্যয় হবে ৭ লক্ষ ৯৬ হাজার ৬৭০ টাকা। ভারত চন্দ্রনগর ব্লক কার্যালয় থেকে এই সংবাদ জানানো হয়েছে।

*****